

স্মারক নং-ডিএমপি (স.দ.)/অতিঃ কমিঃ (ট্রাফিক)/অফিস আদেশ/৩৭-২০২২/ ২২৫(২৫) তারিখ : ১৬ ফেব্রুয়ারি-২০২৩ খ্রিঃ।

অফিস আদেশ

ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা, আর্থিক সংশ্লিষ্ট সংস্থা ও বিভিন্ন কোম্পানী কর্তৃক বিভিন্ন সময়ে শিক্ষা সফর/বনভোজন, ধর্মীয় অনুষ্ঠান বা যেকোন উৎসব অথবা এ জাতীয় অন্যান্য ভ্রমণে যাতায়াতের জন্য অস্থায়ী রুট পারমিট/ডিএমপি ট্রাফিক বিভাগের অনুমতি প্রদানের জন্য আবেদন করে থাকেন। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায় যে, দাখিলকৃত আবেদন যথাযথ মাধ্যমে ও প্রয়োজনীয় কাগজপত্রাদি ছাড়া করে থাকে। ফলে আবেদনকারীগণকে যথাযথ সেবা ও অস্থায়ী রুট পারমিট প্রদান করা সম্ভব হয়না।

এমতাবস্থায়, নিম্নবর্ণিত শর্তপালন সাপেক্ষে আবেদনপত্র দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তসমূহ :

- (১) আবেদনপত্র অবশ্যই [পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স, ৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, রমনা, ঢাকা-১০০০] বরাবর প্রেরণ করা করতে হবে।
- (২) আবেদনে উল্লেখিত গাড়ীসমূহের রেজিস্ট্রেশন সনদপত্র এবং ফিটনেস সনদপত্র এর ফটোকপি অবশ্যই সংযুক্ত করতে হবে।
- (৩) অস্থায়ী রুট পারমিট এর আবেদনপত্র ভ্রমণের ০৩ (তিন) দিন পূর্বে বর্ণিত ঠিকানায় জমা দিতে হবে।
- (৪) আবেদনপত্র অবশ্যই সংশ্লিষ্ট সংস্থা ও প্রতিষ্ঠানের নির্দিষ্ট প্যাডে করতে হবে।
- (৫) আবেদনকারীর পূর্ণ ঠিকানা ও আবেদনকারী/প্রতিনিধির ব্যবহৃত মোবাইল নম্বর আবেদনপত্রে অবশ্যই থাকতে হবে।
- (৬) অস্থায়ী রুট পারমিট শুধুমাত্র আবেদনে উল্লেখিত সময়ের জন্য প্রযোজ্য হবে।
- (৭) ডিএমপি ট্রাফিক বিভাগ কর্তৃক প্রদত্ত অনুমোদনপত্র ভ্রমণের সময় গাড়ির চালকের নিকট সংরক্ষণ করতে হবে এবং সড়কে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনে প্রদর্শন করতে হবে।
- (৮) কর্তৃপক্ষ প্রদত্ত অস্থায়ী রুট পারমিট যেকোন সময় বাতিলের অধিকার সংরক্ষণ করবে।
- (৯) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ মুনিবুর রহমান)
16.02.2023

(মোঃ মুনিবুর রহমান)

বিপি-৭৫৯৯১০৮১৮১

অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক)

ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা

ফোন : ৪৮৩১৯৩৫৭, ফ্যাক্স-৪৮৩১৯৩৬২

বিতরণ : কার্যার্থে

- ১। উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক-রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/তেজগাঁও/মিরপুর/উত্তরা/গুলশান বিভাগ), ডিএমপি, ঢাকা।
- ২। উপ-পুলিশ কমিশনার (মিডিয়া এন্ড পাবলিক রিলেশন্স), ডিএমপি, ঢাকা। [এ অফিস আদেশটি ডিএমপির ফেসবুক পেজ/ডিএমপি নিউজসহ অন্যান্য মিডিয়াতে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]

জ্ঞাতার্থে :

- ১। যুগ্ম-পুলিশ কমিশনার (ট্রাফিক-উত্তর/দক্ষিণ), ডিএমপি, ঢাকা।
- ২। স্পেশাল এ্যাসিস্ট্যান্ট টু কমিশনার, ডিএমপি, ঢাকা [কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক-এ্যাডমিন এন্ড রিসার্চ), ডিএমপি, ঢাকা।
- ৩। ইনচার্জ, কেন্দ্রীয় পত্র বিতরণ ও গ্রহণ শাখা, ডিএমপি, ঢাকা [প্রয়োজনীয় কাগজপত্র ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণ না করার জন্য নির্দেশ প্রদান করা হলো]
- ৩। অফিস কপি।